

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন

কার্যক্রম বিভাগ

“কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে
উন্নয়ন ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত) প্রকল্প
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-২০.০৬.০০০০.০০২.১৪.০২৪.২১ (অংশ-২)-৪৭১

তারিখঃ ১২/০৩/২০২৬


নিয়োগ বিজ্ঞপ্তি

কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পে নিম্নে বর্ণিত শূন্য পদে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্যে বেতনে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১	অনুর্ধ্ব ৩২ বৎসর	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (খ) কম্পিউটার অপারেটরের সাধারণ জ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজি ২০ শব্দের গতি থাকতে হবে।

শর্তাবলীঃ

- জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd) কর্তৃক প্রণীত ফরমে A4 সাইজ কাগজে পূরণপূর্বক স্বাক্ষরসহ প্রকল্প পরিচালক “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ব্লক-৭, কক্ষ নং-৩৪, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আবেদন করতে হবে।
- আবেদনপত্র আগামী ০৫/০৪/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌছাতে হবে।
- আবেদনপত্রের সাথে “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া আবেদনে বর্ণিত তথ্যের আলোকে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদপত্রসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- আবেদন ফরমে পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত ফরম ব্যতীত অথবা ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত পত্র যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর পত্র যোগাযোগের বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ সাইজের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- উল্লিখিত পদের বয়সসীমা ০৫/০৪/২০২৬ তারিখে সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উক্ত পদে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত নিয়ম অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে আবেদনকৃত প্রার্থীকে আবেদনপত্রের সাথে শহীদ মুক্তিযোদ্ধার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত কপির মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন সময়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(এ এইচ এম আনোয়ার পাশা)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ২২২২২১৬৬৮৪